

বিস্ফোরক পরিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের জানুয়ারি/২০২১ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভা : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ
সভার তারিখ ও সময় : ১১/০১/২০২১ খ্রি: বেলা ১১:০০ ঘটিকা।
সভার স্থান : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের সদস্য সচিব জনাব মনিরা ইয়াসমিন জানান, ২০২০-২০২১ অর্থবছরের এপিএ টিমের ১২টি সভা অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। অন্য অনুষ্ঠিত সভাটি ৭ম সভা।

আলোচনা:

- (ক) শুদ্ধাচার ও উত্তম চর্চার বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ;
- (খ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ;
- (গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভাসমূহ ৩১.১২.২০২০ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

২। সদস্য সচিব সভাকে জানান যে, বিস্ফোরক, পেট্রোলিয়াম, গ্যাস সিলিন্ডার এবং গ্যাসাধার এর আমদানি, পরিবহন ও মজুদের লাইসেন্স মঞ্জুর এর ক্ষেত্রে লক্ষ্যমাত্রার ৫৮.৫১% অর্জিত হয়েছে এবং বেজা/এসইজেড অঞ্চলের শিল্পে লাইসেন্স আবেদনের ক্ষেত্রে নির্ধারিত সময়ের পূর্বেই নিষ্পত্তি হয়েছে।


৩। তিনি আরও জানান, এপিএ কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

৪। কর্মসম্পাদনের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বৃদ্ধিঃ
সদস্য সচিব সভাকে বলেন যে, এপিএর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ২০২০-২০২১ এর অনুচ্ছেদ ২.৪.১ অনুযায়ী প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন। জনঘন্টা পূরণের লক্ষ্যে অনুচ্ছেদ ২.৪.২ অনুযায়ী ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

সিদ্ধান্ত

- (ক) জানুয়ারি মাসের মধ্যে কর্মকর্তা-কর্মচারীর অংশগ্রহণে প্রশিক্ষণের আয়োজন করতে হবে;
- (খ) ৩য় কোয়ার্টারে অংশীজনের সঙ্গে নির্ধারিত ৩ টি সভা সম্পন্ন করতে হবে;
- (গ) এপিএ টিমের মাসিক সভা যথাসময়ে সম্পন্ন করতে হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(আবুল কালাম আজাদ)
প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ
টেলিফোন: ৯৩৪৫২৫৮
ই-মেইল: dhaka@explosives.gov.bd